

ঢাবির ব্যবসায় শিক্ষা ভর্তি পরীক্ষা কাল, ঢাকা ছাড়াও চার শহরে পরীক্ষা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৯:০৪, ৫ ডিসেম্বর ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে 'ব্যবসায় শিক্ষা ইউনিট' (বিজনেস স্টাডিজ অনুষদ) এর প্রথম বর্ষ স্নাতক প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার (৬ ডিসেম্বর) অনুষ্ঠিত হবে। এদিন সকাল ১১টা থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে।

ঢাবি ক্যাম্পাস ছাড়াও ঢাকার বাইরে ঢারটি বিভাগীয় শহরের বিশ্ববিদ্যালয়ে
এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব কেন্দ্র হলো—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়,
রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং রংপুরের বেগম রোকেয়া
বিশ্ববিদ্যালয়।

ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শনিবার সকাল ১১টা ৩০
মিনিটে বিজনেস স্টাডিজ অনুষদ ভবনের পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করবেন।

উল্লেখ্য, ব্যবসায় শিক্ষা ইউনিটে মোট ১ হাজার ৫০টি আসনের বিপরীতে
৩৪ হাজার ৬২ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এর মধ্যে ব্যবসায় শিক্ষা
শাখার জন্য ৯৩০টি, বিজ্ঞান শাখার জন্য ৯৫টি এবং মানবিক শাখার জন্য
২৫টি আসন নির্ধারিত রয়েছে।